

অধিবেশন নং- ০৩/২০২৪

পরিশিষ্ট-ক

সভায় উপস্থিত সদস্যগণের নাম (ক্রমানুসারে)

ক্রঃনং	উপস্থিত সদস্যগণের নাম	পদবী	স্বাক্ষর
০১	উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, কামারখন্দ, সিরাজগঞ্জ	সভাপতি	স্বাক্ষরিত
০২	উপজেলা ভাইস চেয়ারম্যান, কামারখন্দ, সিরাজগঞ্জ	সদস্য	"
০৩	চেয়ারম্যান, ভদ্রঘাট ইউনিয়ন পরিষদ, কামারখন্দ, সিরাজগঞ্জ	"	"
০৪	চেয়ারম্যান, বাত্রীল ইউনিয়ন পরিষদ, কামারখন্দ, সিরাজগঞ্জ	"	"
০৫	চেয়ারম্যান, জামতৈল ইউনিয়ন পরিষদ, কামারখন্দ, সিরাজগঞ্জ	"	"
০৬	চেয়ারম্যান, রায়দৌলতপুর ইউনিয়ন পরিষদ, কামারখন্দ, সিরাজগঞ্জ	"	"
০৭	উপজেলা শিক্ষা অফিসার, কামারখন্দ, সিরাজগঞ্জ	সদস্য সচিব	"

উপজেলা প্রাথমিক শিক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ

তারিখ : ২৮/১২/২০২৩ খ্রিঃ সময় : ২.০০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হলো।

অদ্য ২৮/১২/২০২৩ খ্রিঃ বেলা ২.০০ ঘটিকায় উপজেলা পরিষদ সভাকক্ষে মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কামারখন্দ, সিরাজগঞ্জ মহোদয়ের সভাপতিত্বে উপজেলা প্রাথমিক শিক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ জানান। অতঃপর নিম্নে বিষয়ের উপর আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

(১) উপজেলা শিক্ষা অফিসার, কামারখন্দ সভায় জানান যে, অত্র উপজেলার প্রায় ১০ (দশ) টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের অভিভাবকগণের অস্বচ্ছলতার কারণে শিক্ষার বিভিন্ন উপকরণসহ ইউনিফর্ম সরবরাহ করা খুবই কষ্টকর। এহেন অবস্থায় উক্ত বিদ্যালয় সমূহে শিক্ষার বিভিন্ন উপকরণ সহ ইউনিফর্ম সরবরাহ করা হলে গরীব শিক্ষার্থীরা স্বাচ্ছন্দে লেখা-পড়া করতে পারবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে প্রতি বিদ্যালয়ে ৩০,০০০/- হাজার টাকা করে সর্বমোট = ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা বরাদ্দের জন্য উপজেলা পরিষদকে সুপারিশ করা হয়।

(২) উপজেলা শিক্ষা অফিসার, কামারখন্দ সভায় জানান যে, কামারখন্দ উপজেলায় ২টি সরকারি প্রাথমিক বিদ্যালয় একটি করে ভবন ঝুঁকিপূর্ণ। তন্মধ্যে বাগবাড়ী ও চৌবাড়ী সরকারি প্রাথমিক বিদ্যালয়টির অবস্থা খুবই নাজুক। যে কোন সময় ধসে যেতে পারে। এমতবস্থায় বিদ্যালয়টির শ্রেণি পাঠদান চালু রাখার স্বার্থে বিদ্যালয়ের আধাপাকা ঘরটির টিনের চাল মেরামত প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উল্লিখিত বিদ্যালয়টির মেরামতের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয় এবং প্রতি বিদ্যালয় মেরামতের জন্য = ১,৫০,০০/- টাকা বরাদ্দের জন্য উপজেলা পরিষদকে সুপারিশ করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন।


সদস্য সচিব

উপজেলা প্রাথমিক শিক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটি

ও

উপজেলা শিক্ষা অফিসার
কামারখন্দ, সিরাজগঞ্জ


সভাপতি

উপজেলা প্রাথমিক শিক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটি

ও

উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান
কামারখন্দ, সিরাজগঞ্জ